রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ২২, ২০২৬

### ৩য় খণ্ড

### প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**ডি-২৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ পৌষ ১৪৩২/৩০ ডিসেম্বর ২০২৫

**নং ২৩.০০.০০০০.২৫০.১২.০৯৭.২৫.২৬২**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ সমরাস্ত্র কারখানার নিম্নবর্ণিত ০৪(চার) জন কর্মচারীকে বিভাগীয় পদোন্নতি প্রদান বিষয়ক কমিটির সুপারিশের আলোকে (চাকরি বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ অনুযায়ী টাকা ১৬০০০-৩৮৬৪০/-(গ্রেড-১০) বেতনক্রমে মাস্টার টেকনিশিয়ান (গ্রেড-১৪) পদ থেকে উপসহকারী প্রকৌশলী (গ্রেড-১০) পদে শর্তসাপেক্ষে পদোন্নতি প্রদান করা হলোঃ

| ক্র. নং | নাম, ব্যক্তিগত নম্বর, বর্তমান পদবি ও গ্রেড | পদোন্নতিপ্রাপ্ত পদবি, বেতনস্কেল ও গ্রেড |
|---|---|---|
| ১. | জনাব মোঃ মফিজুর রহমান (১০৫৩৫)<br>মাস্টার টেকনিশিয়ান (গ্রেড-১৪) | উপসহকারী প্রকৌশলী<br>টাকা ১৬০০০-৩৮৬৪০/-(গ্রেড-১০) |
| ২. | জনাব মোঃ ওবায়দুল হক (১০৪৬৬)<br>মাস্টার টেকনিশিয়ান (গ্রেড-১৪) | উপসহকারী প্রকৌশলী<br>টাকা ১৬০০০-৩৮৬৪০/-(গ্রেড-১০) |
| ৩. | জনাব মোঃ মোমেনুল হক (১০৪৬৮)<br>মাস্টার টেকনিশিয়ান (গ্রেড-১৪) | উপসহকারী প্রকৌশলী<br>টাকা ১৬০০০-৩৮৬৪০/-(গ্রেড-১০) |
| ৪. | জনাব মোঃ কামাল হোসেন খান (১০৪৭৫)<br>মাস্টার টেকনিশিয়ান (গ্রেড-১৪) | উপসহকারী প্রকৌশলী<br>টাকা ১৬০০০-৩৮৬৪০/-(গ্রেড-১০) |

শর্তাবলিঃ

(ক) বাংলাদেশ সমরাস্ত্র কারখানা (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০২ অনুযায়ী যোগদানের তারিখ থেকে ০১(এক) বৎসর শিক্ষানবিশকাল প্রযোজ্য হবে;

(খ) শিক্ষানবিশ থাকাকালে তাঁর আচরণ এবং কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাঁকে পূর্বপদে প্রত্যাবর্তন করাতে পারবেন;

(গ) সন্তোষজনক শিক্ষানবিশ মেয়াদ পূর্তি এবং বাংলাদেশ সমরাস্ত্র কারখানা (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০২ এ বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে।

২। উল্লেখ্য, যেসব বিষয়ের উপর ভিত্তি করে এ পদোন্নতি প্রদান করা হয়েছে সেসব বিষয়ে পরবর্তীতে কোনো বিরূপ/ভিন্নরূপ তথ্য পাওয়া গেলে এ আদেশের প্রয়োজনীয় সংশোধন/বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো। এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শামীমা শরমিন**

সিনিয়র সহকারী সচিব।

---

**শাখা ডি-৪**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ/ ২৮ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **২৩.০০.০০০০.০৪০.১৩.০১২.২৪-২৮২**—বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ জনাব শেখ শাহজাহান আলম-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন)-এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখে সরকারি চাকরি থেকে অবসর প্রদান করা হলো।

২। জনাব শেখ শাহজাহান আলমের অনুকূলে ১ জানুয়ারি ২০২৬ তারিখ থেকে ৩১ ডিসেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত ১(এক) বছর পূর্ণগড় বেতনে অবসর-উত্তর ছুটি (পি. আর. এল) মঞ্জুর করা হলো।

৩। অর্থ বিভাগের ১৪ অক্টোবর ২০১৫ তারিখের ৮১ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী জনাব শেখ শাহজাহান আলমের প্রাপ্য পূর্ণগড় বেতনের ছুটি থেকে অনধিক ১৮ (আঠারো) মাসের ছুটি নগদায়ন অর্থাৎ ১৮ (আঠারো) মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ অবসর এবং অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

নং **২৩.০০.০০০০.০৪০.১৩.০০৯.২৪-২৮৩**—বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ জনাব মোঃ ইমাম উদ্দীন-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন)-এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখে সরকারি চাকরি থেকে অবসর প্রদান করা হলো।

২। জনাব মোঃ ইমাম উদ্দীনের-অনুকূলে ১ জানুয়ারি ২০২৬ তারিখ থেকে ৩১ ডিসেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত ১(এক) বছর পূর্ণগড় বেতনে অবসর-উত্তর ছুটি (পি. আর. এল) মঞ্জুর করা হলো।

৩। অর্থ বিভাগের ১৪ অক্টোবর ২০১৫ তারিখের ৮১ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী মোঃ ইমাম উদ্দীনের-প্রাপ্য পূর্ণগড় বেতনের ছুটি থেকে অনধিক ১৮ (আঠারো) মাসের ছুটি নগদায়ন অর্থাৎ ১৮ (আঠারো) মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ অবসর এবং অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু হাসনাত মোঃ মঈনউদ্দিন**

উপসচিব।

**অনুবিভাগ-১**

**ডি-১৬ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ পৌষ ১৪৩২/ ২৪ ডিসেম্বর ২০২৫

নং ২৩.০০.০০০০.০০০.১৬০.১৩.০০১৯.২৫.৩১৯—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ জরিপ অধিদপ্তরের সহকারী পরিচালক (জরিপ) জনাব মোঃ রিয়াজ উদ্দিনকে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা-৪৩(১)(ক) অনুযায়ী তাঁর বয়স ৫৯ (উনষাট) বছর পূর্তিতে ১ নভেম্বর ২০২৫ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২. তাঁর অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূলবেতনের সমপরিমান অর্থ লাম্পগ্র্যান্টসহ ২ নভেম্বর ২০২৫ তারিখ থেকে ১ নভেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত ১(এক) বছরের অবসর-উত্তর ছুটি (পি আর এল) মঞ্জুর করা হলো।

৩. তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ নজরুল ইসলাম নজরুল**
উপসচিব।

---

**ডি-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ পৌষ ১৪৩২/২৯ ডিসেম্বর ২০২৫

**নং ২৩.০০.০০০০.০১০.৬২.০১০.১৭-৩৩৫**—বাংলাদেশ সেনাবাহিনীর ৫২তম সরাসরি স্বল্পমেয়াদি কমিশন (ডিএসএসসি)-কোর্সের নিম্ন ছকে বর্ণিত অফিসারদেরকে বাংলাদেশ সেনাবাহিনীতে রিমাউন্ট ভেটেরেনারী এন্ড ফার্ম কোর (আরভিএন্ডএফসি)-এ লেফটেন্যান্ট পদবিতে ২০ ডিসেম্বর ২০২৩ তারিখ হতে নিয়মিত কমিশন অনুমোদন করা হলো। একই সাথে তাদেরকে ২১ ডিসেম্বর ২০২২ তারিখ হতে ২০ ডিসেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর পশ্চাৎপ্রবীণতা প্রদান করা হলো:

| ক্রমিক নম্বর | ব্যক্তিগত নম্বর | নাম ঃ (বাংলা ও ইংরেজি) | পদবি | কোর/ রেজিমন্ট | কমিশনের তারিখ | একাডেমিতে যোগদানের তারিখ থেকে ০১ বছরের পশ্চাৎপ্রবীণতা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। | বিএসএস-১২২৮৮ | মোঃ সাঈদ কায়সার মাহিন<br>Md. Sayed Kyser Mahen | লেফটেন্যান্ট | আরভিএন্ডএফসি | ২০ ডিসেম্বর ২০২৩ | ২১ ডিসেম্বর ২০২২ তারিখ হতে ২০ ডিসেম্বর ২০২৩ |
| ২। | বিএসএস-১২২৮৯ | আরিফুল ইসলাম রবিন<br>Ariful Islam Robin | লেফটেন্যান্ট | আরভিএন্ডএফসি | ২০ ডিসেম্বর ২০২৩ | ২১ ডিসেম্বর ২০২২ তারিখ হতে ২০ ডিসেম্বর ২০২৩ |
| ৩। | বিএসএস-১২২৯০ | শাকিল ইবনে মাহমুদ<br>Shakil Ibne Mahmod | লেফটেন্যান্ট | আরভিএন্ডএফসি | ২০ ডিসেম্বর ২০২৩ | ২১ ডিসেম্বর ২০২২ তারিখ হতে ২০ ডিসেম্বর ২০২৩ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল ইসলাম**
উপসচিব।

**ডি-১২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৩ পৌষ ১৪৩২/২৮ ডিসেম্বর ২০২৫

**নং ২৩.০০.০০০০.১২০.১১.০৩৭.২৪.৩৯২**—মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস (এমইএস) এর উপসহকারী প্রকৌশলী বি/আর এর ০৪(চার)টি এবং উপসহকারী প্রকৌশলী ই/এম এর ০১(এক)টি শূন্য পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে টাকা ১৬,০০০-৩৮,৬৪০/- (১০ম গ্রেড) বেতনক্রমে এবং সরকারি বিধি অনুযায়ী প্রাপ্য অন্যান্য ভাতা/সুবিধাদিসহ অনুচ্ছেদ-২ এ বর্ণিত শর্তে অস্থায়ীভিত্তিতে নিম্নে উল্লিখিত ০৫ (পাঁচ) জন প্রার্থীকে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রমিক | প্রার্থীর রোল নম্বর | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | মেধাক্রম |
|---|---|---|---|---|
| **উপসহকারী প্রকৌশলী বি/আর:** | | | | |
| ১ | ২৩০০৫০৭১ | মোঃ ইউনুস<br>MD. YOUNUS<br>পিতা: মোঃ বেলাল উদ্দিন<br>মাতা: রোকেয়া বেগম | গ্রাম: চর আলগী<br>ডাকঘর: নুরিয়া মাদ্রাসা<br>উপজেলা: রামগতী<br>জেলা: লক্ষ্মীপুর। | ৩০ |
| ২ | ২৩০০৮৯৯৭ | মোঃ আল-আমিন<br>MD. AL-AMIN<br>পিতা: শরবেশ<br>মাতা: শাহিদা খাতুন | গ্রাম: খাষ পুকুরিয়া উত্তর পাড়া<br>ডাকঘর: চৌহালী কলেজ<br>উপজেলা: চৌহালী<br>জেলা: সিরাজগঞ্জ | ৩৮ |
| ৩ | ২৩০০৮৬১৭ | মেহেদী হাসান<br>MAHEDY HASAN<br>পিতা: তহিদুল ইসলাম<br>মাতা: সামিমা সুলতানা | গ্রাম: কোদালিয়া<br>ডাকঘর: চৌহালী কলেজ<br>উপজেলা: চৌহালী<br>জেলা: সিরাজগঞ্জ | ৪৭ |
| ৪ | ২৩০০২৩২৩ | মোঃ মেহেদী হাসান<br>MD. MEHEDI HASAN<br>পিতা: মোঃ রফিকুল ইসলাম<br>মাতা: মর্জিনা বেগম | গ্রাম: আমিন বাজার<br>ডাকঘর: মন্ডলের হাট<br>উপজেলা: উলিপুর<br>জেলা: কুড়িগ্রাম। | ৮৪ |
| **উপসহকারী প্রকৌশলী ই/এম:** | | | | |
| ১ | ২৪০০৫৯১০ | মোঃ সরোয়ার ইসলাম<br>MD. SOROUAR ISLAM<br>পিতা: মোঃ আব্দুল আউয়াল<br>মাতা: মোছাঃ ছহিলা খাতুন | গ্রাম: লালকুড়া উত্তর পাড়া, যাদুর চর<br>ডাকঘর: যাদুর চর<br>উপজেলা: রৌমারী<br>জেলা: কুড়িগ্রাম। | ৬০ |

২। **শর্তসমূহ:**

(ক) চাকরিতে যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে।

(খ) মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস) এর সিভিলিয়ান কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২২ এবং বিদ্যমান সরকারি আইন, আদেশ, বিধিমালা ও সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য আইন, আদেশ, বিধিমালা তাঁদের চাকরির ক্ষেত্রে প্রযোজ্য হবে।

(গ) প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁদের জ্যেষ্ঠতা নির্ধারিত হবে।

(ঘ) চাকরিতে যোগদানের জন্য কোনো ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

৩। অনুচ্ছেদ-১ ও ২ এ বর্ণিত শর্তাবলি তাঁর নিকট গ্রহণযোগ্য হলে **আগামী ২৪ পৌষ ১৪৩২/০৮ জানুয়ারি ২০২৬ তারিখ পূর্বাহ্ণে প্রার্থীদের সেনাসদর, ইইনসি'র শাখা, পূর্ত পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকায়** যোগদান করার জন্য অনুরোধ করা হলো। কোনো প্রার্থী নির্ধারিত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

তারিখ: ১৪ পৌষ ১৪৩২/২৯ ডিসেম্বর ২০২৫

নং **২৩.০০.০০০০.১২০.১৩.০৩৫.২২.৩৯৩**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস) এর সহকারী প্রকৌশলী বি/আর জনাব মোঃ আব্দুল কাদের (ব্যক্তিগত নম্বর ৮০৩৫০)-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নম্বর আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ০২ ডিসেম্বর ২০২৫ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তাঁর অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ০৩ ডিসেম্বর ২০২৫ থেকে ০২ ডিসেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের অবসরোত্তর ছুটি (পি. আর. এল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শহীদুজ্জামান খন্দকার**
সিনিয়র সহকারী সচিব।

---

**ডি-১৮ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ/২৮ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **২৩.০০.০০০০.১৮০.৩৬.১২৯.২১.৬৬২**—আর্মি রেগুলেশন্স (রুলস) ২৫৫ এবং আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৭ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর মেজর পদবির নিম্নবর্ণিত ৩(তিন) জন অফিসারের নামের বিপরীতে ৬ নম্বর কলামে উল্লিখিত অবসর গ্রহণের তারিখ থেকে তাঁদের চাকরি জনস্বার্থে ০১(এক) বছর বর্ধিত করা হলো।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ক্রমিক | বিএ নম্বর, পদবি ও নাম | জন্ম তারিখ | কমিশনের তারিখ | সর্বোচ্চ বয়সসীমা | অবসর গ্রহণের তারিখ |
| ১ | বিএ-৫০১০ মেজর সৈয়দ আশরাফ শাহেদ, পদাতিক | ১০ জানুয়ারি ১৯৭৫ | ১৯ ডিসেম্বর ১৯৯৪ | ৫০ | ০৮ জানুয়ারি ২০২৬ (অপরাহ্নে) ১ বছর বর্ধিতসহ |
| ২ | বিএ-৫১৫৫ মেজর মোঃ ওয়াহিদুল হক, পিএসসি, পদাতিক | ২৪ জানুয়ারি ১৯৭৫ | ২৯ নভেম্বর ১৯৯৫ | ৫০ | ২২ জানুয়ারি ২০২৬ (অপরাহ্নে) ১ বছর বর্ধিতসহ |
| ৩ | বিএ-৫৭২১ মেজর মোস্তফা আবিবুল হাসান, পিএসসি, এসি | ২৪ জানুয়ারি ১৯৭৫ | ১১ জুন ১৯৯৮ | ৫০ | ২২ জানুয়ারি ২০২৬ (অপরাহ্নে) ১ বছর বর্ধিতসহ |

২। ইতঃপূর্বে প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে ০২ ডিসেম্বর ২০২৫ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নম্বর ২৩.০০.০০০০.১৮০.১৩.১৮৯.২৩.৫৬৮ এর ৪৫, ৪৮ এবং ৬২ নম্বর ক্রমিকে বর্ণিত অফিসারদের অবসর সংক্রান্ত অংশটুকু বাতিল করা হলো। উল্লিখিত প্রজ্ঞাপনে বর্ণিত অন্যান্য অফিসারদের স্বাভাবিক অবসর সংক্রান্ত অংশ যথারীতি বহাল থাকবে।

৩। উক্ত অফিসারগণ বর্ধিত চাকরি শেষে স্বাভাবিক এলপিআর গমন করবেন এবং এলপিআর সময় পর্যন্ত সেনাবাহিনীর সকল সুযোগ সুবিধা প্রাপ্ত হবেন।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং **২৩.০০.০০০০.১৮০.৩৬.১৩০.২১.৬৬৩**—আর্মি রেগুলেশন্স (রুলস) ২৫৫ এবং আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৭ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর মেজর পদবির নিম্নবর্ণিত ২(দুই) জন অফিসারের নামের বিপরীতে ৬ নম্বর কলামে উল্লিখিত অবসর গ্রহণের তারিখ থেকে তাঁদের চাকরি জনস্বার্থে ০১(এক) বছর বর্ধিত করা হলো।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ক্রমিক | বিএ নম্বর, পদবি ও নাম | জন্ম তারিখ | কমিশনের তারিখ | সর্বোচ্চ বয়সসীমা | অবসর গ্রহণের তারিখ |
| ১ | বিএ-৪৬০০ মেজর মোঃ মোশতাক হোসেন, ইএমই | ০৭ জানুয়ারি ১৯৭৩ | ১৮ জুন ১৯৯৩ | ৫০ | ০৩ জানুয়ারি ২০২৬ (অপরাহ্ণে) ৩ বছর বর্ধিতসহ |
| ২ | বিএ-৪৯৮৮ মেজর মোঃ রুহুল আমিন, পিএসসি, পদাতিক | ০১ ফেব্রুয়ারি ১৯৭৩ | ১৯ ডিসেম্বর ১৯৯৪ | ৫০ | ২৮ জানুয়ারি ২০২৬ (অপরাহ্ণে) ৩ বছর বর্ধিতসহ |

২। ইতঃপূর্বে প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে ০২ ডিসেম্বর ২০২৫ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নম্বর ২৩.০০.০০০০.১৮০.১৩.১৮৯.২৩.৫৬৮ এর ৩৪, এবং ৪৪ নম্বর ক্রমিকে বর্ণিত অফিসারদের অবসর সংক্রান্ত অংশটুকু বাতিল করা হলো। উল্লিখিত প্রজ্ঞাপনে বর্ণিত অন্যান্য অফিসারদের স্বাভাবিক অবসর সংক্রান্ত অংশ যথারীতি বহাল থাকবে।

৩। উক্ত অফিসারগণ বর্ধিত চাকরি শেষে স্বাভাবিক এলপিআর গমন করবেন এবং এলপিআর সময় পর্যন্ত সেনাবাহিনীর সকল সুযোগ সুবিধা প্রাপ্ত হবেন।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ: ০৯ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ/২৪ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **২৩.০০.০০০০.১৮০.৩৬.১৪০.২২.৬৫৭**—প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০১ সেপ্টেম্বর ২০২৫ তারিখে জারীকৃত ২৩.০০.০০০০.১৮০.১৩.১৮৯.২৩.৩৫১ নম্বর প্রজ্ঞাপনের ৮৫ নম্বর ক্রমিকে বর্ণিত বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৪৬৪৪ মেজর মোহাম্মদ আজিজুর রহমান, পিএসসি, এএসসি এর অবসর সংক্রান্ত অংশটুকু বাতিলপূর্বক আর্মি রেগুলেশন্স (রুলস) ২৫৫ এবং আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৭ অনুসারে জনস্বার্থে তাঁর চাকরি ০১ ডিসেম্বর ২০২৫ হতে ৩০ নভেম্বর ২০২৬ তারিখ (অপরাহ্ণ) পর্যন্ত ০১(এক) বছর বর্ধিত করা হলো।

২। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ০১ সেপ্টেম্বর ২০২৫ তারিখে জারীকৃত ২৩.০০.০০০০.১৮০.১৩.১৮৯.২৩.৩৫১ নম্বর প্রজ্ঞাপনে উল্লিখিত অন্যান্য অফিসারের স্বাভাবিক অবসর সংক্রান্ত অংশ যথারীতি বহাল থাকবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং **২৩.০০.০০০০.১৮০.১৩.২০২.২৫.৬৫৮**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৯৪৬৯ মেজর কাজী শওকত আরা আঁখি, এএসসি-কে আর্মি অ্যাক্ট সেকশন-১৮, আর্মি অ্যাক্ট (রুলস) ১২(১), আর্মি রেগুলেশন্স (রুলস) ৭৮(সি), ২৫৩(সি) (ii), ২৬১, সংশোধিত আর্মি রেগুলেশন্স (রুলস) ২৬২(৪) ও ২৬৯(বি), আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৮(বি) এবং কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন-১৯৮১ এর বিধি-৯ (কে) অনুসারে প্রশাসনিক ব্যবস্থার আওতায় বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে 'অকালীন (বাধ্যতামূলক) অবসর' প্রদান কার হলো

২। এ আদেশ জারির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে উক্ত অফিসারের 'অকালীন (বাধ্যতামূলক) অবসর' কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মাহবুবুর রশীদ**
উপসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ পৌষ ১৪৩২/২৯ ডিসেম্বর ২০২৫

নং **২৩.০০.০০০০.০৬০.১২.০১২.২৫.৬৬৮**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত কর্মচারীকে 'চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫' অনুযায়ী তাঁর নামের পাশে বর্ণিত পদ ও গ্রেডে পদোন্নতি প্রদান করা হলো:

| ক্র. নং | নাম, ব্যক্তিগত নম্বর, বর্তমান পদবি ও বেতন গ্রেড | পদোন্নতিপ্রাপ্ত পদবি ও বেতন গ্রেড |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | মোঃ মোখলেছুর রহমান (পিঃ নং-১৪৭৩) ল্যাবরেটরীম্যান (গ্রেড-১৩) | সহকারী ফোরম্যান (ল্যাবরেটরী) (১০ম গ্রেড) |

২। উল্লেখ্য, পরবর্তীতে তার বিরুদ্ধে কোনো রকম বিরূপ/ভিন্নরূপ তথ্য পাওয়া গেলে এ আদেশের প্রয়োজনীয় সংশোধন/বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু হাসনাত মোঃ মঈনউদ্দিন**
উপসচিব।